গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
জাতীয় স্কাউট ভবন (১৪তম তলা)
৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০
dme.portal.gov.bd

স্মারক নং- ৩৭.২৫.০০০০.০০৩.০২.০০৯.১৬-১২৯৯ তারিখঃ০৯.১১.২০১৬ খ্রিঃ।

বিষয়: মাদরাসার নিয়োগ বোর্ডে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়নের আবেদনের জন্য নিম্নোক্ত নির্ধারিত ছকে নিম্নে বর্ণিত কাগজ পত্র ও তথ্যাদি সংযুক্ত/সংযোজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে মাদরাসার অধ্যক্ষ/সুপারগণ ও সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, মাদরাসা শিক্ষা অধিদপ্তরের কর্মপরিধির ৫নং ক্রমিকে (অর্গানোগ্রাম মোতাবেক মাদরাসা শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠান/ শিক্ষা প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারদের নিয়োগ/বদলী/পদোন্নতি ও চাকুরী সংক্রান্ত কার্যক্রম) বর্ণিত ক্ষমতা বলে মাদরাসার নিয়োগ বোর্ডে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন প্রদান করা হয়ে থাকে।

২.ইতোমধ্যে বিভিন্ন স্তরের মাদরাসার অধ্যক্ষ/সুপার কর্তৃক মাদরাসার নিয়োগ বোর্ডে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়নের নিমিত্ত এ অধিদপ্তরে আবেদন দাখিল করা হয়েছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে,তাঁদের অনেকের আবেদনের সাথে প্রয়োজনীয় ও কাঙ্ক্ষিত কাগজ-পত্র ও তথ্যাদি না থাকার কারণে এ সংক্রান্ত কার্য সম্পন্ন করা বিলম্ব হচ্ছে বিধায় নিয়োগ বোর্ডে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়নের নিমিত্ত আবেদনের সাথে নিম্নে উল্লিখিত কাগজ-পত্র ও তথ্যাদি দাখিল করার জন্য অনুরোধ করা হলো-

(ক) মাদরাসার নিজস্ব প্যাডে স্মারক, তারিখ, মোবাইল নম্বর, ই-মেইল/ওয়েব সাইট উল্লেখসহ অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), সুপার/ভারপ্রাপ্ত সুপার কর্তৃক স্বাক্ষরিত আবেদনপত্র।

(খ) পদশূন্য (পদত্যাগ/অবসর/মৃত্যুবরণ/চাকরিচ্যুত) ঘোষণার রেজুলেশনসহ নিয়োগ সিদ্ধান্তের রেজুলেশন ও সংশ্লিষ্ট কাগজপত্র।

উল্লেখ্য যে,

(১) পদত্যাগ জনিত শূণ্যপদ হলে পদত্যাগ পত্র ও দাখিলকৃত পদত্যাগ পত্র গভর্ণিং বডি/ম্যানেজিং কমিটি কর্তৃক গৃহীত হওয়ার রেজুলেশন।

(২) মৃত্যুবরণ জনিত শূন্যপদ হলে মৃত্যুসনদ।

(৩) কর্মরত অবস্থার সর্বশেষ মাসের প্রাপ্ত এম পি ও এবং বেতন বিলের কপি

(৪) শূণ্য ঘোষিত হওয়ার পরবর্তী মাসের এম পি ও এবং বেতন বিলের কপি।

(৫)ব্যাংক কর্তৃক প্রদত্ত এবং প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত অনুত্তোলন (non-drawl) সনদ।

(গ) নিয়োগ বোর্ড গঠন ও মহাপরিচালক মনোনিত প্রতিনিধি চেয়ে কমিটির রেজুলেশন।

(ঘ) ৩০% মহিলা কোটায় মহিলা শিক্ষক নিয়োগের বিষয়টি নিশ্চিত করতে হবে (মহিলা কোটা পূরণ না থাকা সত্বেও পুরুষ শিক্ষক নিয়োগ করতে হলে শিক্ষা মন্ত্রণালয়ের ০১/১১/২০০৭ এর আদেশের পন্থা অনুসরণ করা হয়েছে কি-না )

(ঙ) শূণ্য পদের সর্বশেষ এম পি ও এবং বেতন বিলের কপি।

(চ) প্রতিষ্ঠানের সর্বশেষ এম পি ও বিলের কপি।

(ছ) হালনাগাদ স্বীকৃতি ও অনুমোদিত গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

(জ) ইসলামী আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রতিষ্ঠান অধিভুক্তির নবায়ন (প্রযোজ্য ক্ষেত্রে) কপি।

(ঝ) প্রতিষ্ঠানটিতে কাম্য ছাত্র/ছাত্রী আছে কি-না এবং কাম্য সংখ্যক পরীক্ষার্থী পাবলিক পরীক্ষায় পাশ করেছে কি-না (তিন বছরের পরীক্ষার ফলাফলের কপি)।

(ঞ) জনবল কাঠামো অনুসারে আবেদনকৃত পদে শিক্ষক প্রাপ্যতা আছে কি-না এ মর্মে প্রতিষ্ঠান প্রধনের প্রত্যয়ন পত্র (সংযুক্ত ছক মোতাবেক)।

(ট) সংশিষ্ট নিয়োগ সংক্রান্ত বিষয়ে দৈনিক ও জাতীয় পত্রিকায় প্রদত্ত বিজ্ঞাপনের মূল কপি।

(ঠ) নিয়োগ প্রদান যোগ্য পদের বিপরীতে বা মাদরাসার কমিটি নিয়ে কোন মামলা নেই মর্মে ৩০০/- টাকার স্ট্যাম্পে হলফনামা।

(ঢ) সকল শিক্ষক /কর্মচারীর স্বাক্ষর যুক্ত পূর্ণাঙ্গ শিক্ষক /কর্মচারীর তালিকা।

(৩) নির্দেশনাটি যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে জারি করা হলো।

০৯.১১.16

(মো: আফাজ উদ্দীন)
সহকারী পরিচালক,সর: ও সিনি: মাদরাসা
ফোন নং-৯৩৪৫৮৮০
ই-মেইল-dgmeb@gmail.com

বিতরণ: সকল মাদরাসার অধ্যক্ষ/সুপার।